

তারিখ ... ০৭ .SEP .2016  
স্থান ... কলাম ...

# সমকাল

## উচ্চশিক্ষা উন্নয়ন ৭৮০ কোটি টাকা দেবে বিশ্বব্যাংক

■ সমকাল প্রতিবেদক  
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে  
কলেজ পর্যায়ের উচ্চশিক্ষা উন্নয়নে  
বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে ১০ কোটি  
ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক। বর্তমান  
বিনিয়োগ হার অনুযায়ী (প্রতি ডলার  
৭৮ টাকা) এর পরিমাণ ৭৮০ কোটি  
টাকা। গতকাল বৃহস্পতিবার  
রাজধানীর শেরেবাংলা নগরের  
এনইসি সম্মেলন কক্ষে এ বিষয়ে চুক্তি  
সই হয়।

চুক্তিতে সই করেন অর্দেন্টিক  
সম্পর্ক বিভাগের (ইআরডি)  
অভিযন্ত সচিব কাজী শফিকুল আয়ম  
ও বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয়ের

ভারথাষ্ট কান্তি ডি঱েষ্টের ড. জাহিদ  
হোসেন।

কলেজ শিক্ষা উন্নয়ন প্রকল্পের  
আওতায় ব্যবহার্পনা শক্তিশালী করা,  
অনার্স ও মাস্টার্স কোর্স  
পরিচালনাকারী সংগঠিষ্ঠ সরকারি-  
বেসরকারি কলেজগুলোর টিচিং ও  
লার্নিং পরিবেশ উন্নত করার পদক্ষেপ  
নেওয়া হবে। এ প্রকল্পের আওতায়  
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে  
নজরদারি ও পরিবীক্ষণ ব্যবস্থা  
জোরদার, কলেজের শূন্য পদে  
নিয়োগ প্রদান নিশ্চিতকরণসহ শিক্ষক  
নিয়োগ, দেশে-বিদেশে প্রশিক্ষণ এবং  
ব্যবহার্পনা উন্নত করা হবে।

প্রকল্পটির আওতায় সরকারি  
কলেজগুলোতে দুই হাজার ৭০০  
শিক্ষকের শূন্য পদ পুরণ করতে  
উদ্দোগ নেওয়া হবে। এর আওতায়  
জাতীয় প্রশিক্ষণ সংস্থা ও নটিংহ্যাম  
বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ সংস্থা সহযোগিতায়  
প্রশিক্ষণ সংস্থা স্থাপনের মাধ্যমে প্রায়  
আট হাজার কলেজ শিক্ষক ও  
পরিচালকদের প্রশিক্ষণ দেওয়া হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে  
জাতীয় বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়  
মন্ত্রি কমিশন প্রকল্পটি বাস্তবায়ন  
করবে। ২০১৬ সালের জুলাই থেকে  
২০২১ সালের জুনের মধ্যে এ প্রকল্পের  
কার্যক্রম শেষ করার লক্ষ্য নির্ধারণ  
করা হয়েছে।

বিশ্বব্যাংকের ভারথাষ্ট কান্তি  
ডি঱েষ্টের বলেন, বিশ্বব্যাংক মোট  
বরাদের ১৯ শতাংশ ঋণ দিচ্ছে শিক্ষা  
খাতে। আগে প্রাথমিক ও মাধ্যমিক  
শিক্ষা খাতে সহায়তা দেওয়া  
হয়েছিল। এখন উচ্চশিক্ষা, কারিগরি  
শিক্ষাসহ সব শিক্ষায় সহায়তা  
বাঢ়ানো হয়েছে।